



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

খাদ্য অধিদপ্তর



সংস্থাপন শাখা, প্রশাসন বিভাগ

খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০

[www.dgfood.gov.bd](http://www.dgfood.gov.bd)

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৩১.১৯.০৫১.১৯.১৫০৭

তারিখ: ১৩ অগ্রহায়ণ ১৪২৮

২৮ নভেম্বর ২০২১

বিষয়: **কেন্দ্রসমূহে জরুরি নির্দেশনা প্রদান ও প্রবেশপত্রে উল্লিখিত “পরীক্ষার্থীদের জন্য সাধারণ নির্দেশাবলি” ও অন্যান্য নির্দেশাবলি কঠোরভাবে অনুসরণ।**

সূত্র: প্রশাসন বিভাগ, খাদ্য অধিদপ্তরের ১৬/১১/২০২১ তারিখের ১৪৩৮ নং পত্র।

উপর্যুক্ত বিষয়ের প্রক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ৫/১১/২০২১ ও ১৯/১১/২০২১ খ্রি. তারিখে অনুষ্ঠিত খাদ্য অধিদপ্তরের প্রথম ও দ্বিতীয় ধাপের পরীক্ষা এবং ০৩/১২/২০২১ খ্রি. তারিখে অনুষ্ঠিত সহকারী উপর্যুক্ত পরিদর্শক পদে নিয়োগের লিখিত/এমসিকিউ পরীক্ষার বিষয়ে সূত্রস্থ স্মারকে জরুরি নির্দেশনা প্রদান করা হয়। উক্ত নির্দেশনা সত্ত্বেও অনুষ্ঠিত পরীক্ষায় বিভিন্ন কেন্দ্র হতে নিম্নোক্ত ব্যত্যয় পাওয়া গেছে।

- (১) নির্দেশনা অমান্য করে কয়েকটি ক্ষেত্রে মোবাইল ফোন অথবা ইলেক্ট্রনিক ডিভাইস নিয়ে পরীক্ষার্থীর পরীক্ষা কক্ষে প্রবেশ করা;
- (২) পরীক্ষা চলাকালীন পরীক্ষার্থীদের বিভিন্ন অজুহাতে পরীক্ষা কক্ষের বাইরে যেতে দেওয়া;
- (৩) কেন্দ্রের প্রবেশপথে কেন্দ্র কর্তৃপক্ষের তত্ত্বাবধানে পরীক্ষার্থীদের তলাশি জোরদার না করা;
- (৪) পরীক্ষার্থীগণ হাজিরা শিটের নির্ধারিত জায়গায় স্বাক্ষর না করা, প্রশ্নের সেট কোড না লেখা, বৃত্ত ভরাট না করা;
- (৫) কক্ষ পরিদর্শকগণ কর্তৃক (৪) নং বিষয়ে যথাযথভাবে হাজিরা শিট যাচাই না করা এবং হাজিরা শিট স্বাক্ষর না করা;
- (৬) পরীক্ষার্থী কর্তৃক আসন পরিবর্তন করে পরীক্ষা দেওয়া;
- (৭) কক্ষ পরিদর্শকগণ কর্তৃক পরীক্ষা চলাকালীন মোবাইল ফোন ব্যবহার করা।

উল্লেখ্য যে, প্রবেশপত্রে উল্লিখিত “পরীক্ষার্থীদের জন্য সাধারণ নির্দেশাবলি” এর পাশাপাশি প্রবেশপত্র ডাউনলোডের ড্যাশবোর্ডে সংযুক্ত “পরীক্ষার্থীদের জন্য অনুসরণীয় নির্দেশাবলি” ও “কক্ষ পরিদর্শকদের জন্য নির্দেশাবলি” যথাযথভাবে অনুসরণ করা হলে উপরোক্ত ব্যত্যয়সমূহ পরিহার করা সম্ভব।

এমতাবস্থায়, আগামী ০৩/১২/২০২১ খ্রি. তারিখ ও পরবর্তীতে অনুষ্ঠিত পরীক্ষাসমূহে উপরোক্ত ব্যত্যয়সমূহের পুনরাবৃত্তি যেন না ঘটে সেদিকে লক্ষ্য রেখে কেন্দ্র সচিব ও কক্ষ পরিদর্শকদের জন্য প্রদত্ত নির্দেশনাসমূহ যথাযথভাবে অনুসরণ করে পরীক্ষা কার্যক্রম পরিচালনা করার জন্য কেন্দ্র সচিব

ও কক্ষ পরিদর্শকদের প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হলো।



২৮-১১-২০২১

আব্দুল্লাহ আল মামুন

অতিরিক্ত মহাপরিচালক (চলতি দায়িত্ব)

ফোন: +৮৮-০২২২৩৩৮১৮৭১

ইমেইল: [adg@dgfood.gov.bd](mailto:adg@dgfood.gov.bd)

জেলা খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা/ টাংগাইল/ ফরিদপুর/  
চট্টগ্রাম/ রাজামাটি/ নোয়াখালী/ কুমিল্লা/  
ব্রাক্ষণবাড়িয়া/ রাজশাহী/ পাবনা/ বগুড়া/ খুলনা/  
যশোর/ সাতক্ষীরা/ কুষ্টিয়া/ বরিশাল/ পটুয়াখালী/  
তোলা/ সিলেট/ হবিগঞ্জ/ সুনামগঞ্জ/ রংপুর/  
দিনাজপুর/ নীলফামারী/ গাইবান্ধা

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৩১.১৯.০৫১.১৯.১৫০৭/১(৪৮)

তারিখ: ১৩ অগ্রহায়ণ ১৪২৮  
২৮ নভেম্বর ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২) মহাপরিচালক (গ্রেড-১), খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৩) পরিচালক, প্রশাসন/ সববি/ চসসা/ হিসাব ও অর্থ/ সংগ্রহ/ পটুকা/ প্রশিক্ষণ বিভাগ, খাদ্য অধিদপ্তর,  
ঢাকা।
- ৪) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা/খুলনা/রংপুর/চট্টগ্রাম/সিলেট/বরিশাল/রাজশাহী/ময়মনসিংহ
- ৫) জেলা প্রশাসক, ঢাকা/ টাংগাইল/ ফরিদপুর/ চট্টগ্রাম/ রাজামাটি/ নোয়াখালী/ কুমিল্লা/ ব্রাক্ষণবাড়িয়া/  
রাজশাহী/ পাবনা/ বগুড়া/ খুলনা/ যশোর/ সাতক্ষীরা/ কুষ্টিয়া/ বরিশাল/ পটুয়াখালী/ তোলা/ সিলেট/  
হবিগঞ্জ/ সুনামগঞ্জ/ রংপুর/ দিনাজপুর/ নীলফামারী/ গাইবান্ধা/ ঠাকুর
- ৬) মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবায়ল, ঢাকা।
- ৭) অতিরিক্ত পরিচালক, প্রশাসন বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৮) অফিস/ মাস্টার কপি।



২৮-১১-২০২১

আব্দুল্লাহ আল মামুন

অতিরিক্ত মহাপরিচালক (চলতি দায়িত্ব)